

# হেপাটাইটিস ফাউন্ডেশনের উদ্যোগে লিভারকন অনুষ্ঠানের উদ্বোধন

রাষ্ট্রীয় কণ্ঠ প্রতিনিধি, আগরতলা, ১৪ মে। আজ সন্ধ্যায় আগরতলার আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণের কনভেনশন হলে এক মনোজ্ঞ অনুষ্ঠানে হেপাটাইটিস ফাউন্ডেশন অব ত্রিপুরার উদ্যোগে আয়োজিত লিভারকন ৬ এর আনুষ্ঠানিক উদ্বোধন করেছেন বাংলাদেশের প্রখ্যাত লিভার রোগ বিশেষজ্ঞ তথা গবেষক ডা মামুন আল মাহতাব। অনুষ্ঠানে বিশিষ্ট অতিথির আসন অলংকৃত করেছেন মুম্বাই থেকে আগত প্রখ্যাত লিভার রোগ বিশেষজ্ঞ ডা অমিত মনদুত, কলকাতার লিভার রোগ বিশেষজ্ঞ ডা আকাশ রায়, ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা সভাপতি ডা প্রদীপ ভৌমিক, সভাপতি ডা এন এল ভৌমিক এবং অর্গানাইজিং সেক্রেটারি ডা মনিরুল ইসলাম। লিভারকন ৬ গতকাল সকাল থেকে শুরু হয়েছে। দেশ ও বিদেশের



ত্রিগুণ প্রখ্যাত লিভার রোগ বিশেষজ্ঞ ফ্যাকাল্টি লিভার রোগের চিকিৎসা ও গবেষণা নিয়ে আলোচনা করেছেন। আগামী কাল অনুষ্ঠিত হবে চতুর্থ পদ্মা - গঙ্গা - গোমতী

ইন্টারন্যাশন্যাল লিভার কনফারেন্স। কনফারেন্সে ভারত ও বাংলাদেশের চিকিৎসকদের মধ্যে তথ্য বিনিময় ও সম্পর্কের উন্নয়ন নিয়ে আলোচনা হবে। তিন দিনের কনফারেন্সে বাউল

সঙ্গীত পরিবেশন করেছেন বাংলাদেশের প্রখ্যাত বাউল শিল্পীরা। আজ উদ্বোধনী অনুষ্ঠানে নৃত্যানুষ্ঠান পরিবেশ করেছেন নৃত্যাঙ্কন ডাঙ্গ একাডেমির শিশু শিল্পীরা।